দৈনিক ইত্তেফাক

তারিখ 03 SEP 1990
পৃষ্ঠা 2 কলাম 6

## পরীক্ষার খাতায় নাম লেখা প্রসঙ্গে

আমাদের দেশে বোর্ডের এস, এস, সি পরীক্ষা হইতে শুরু করিয়া বিশ্ববিদ্যালয়ের মাষ্টার্স পরীক্ষা পর্যন্ত কোন পরীক্ষার খাতায় নাম লেখা হয় না। শুধু রোল ও রেজিষ্ট্রেশন নম্বর উল্লেখ করিতে হয়। কিন্তু বি, সি, এস, প্রিলিমিনারী এবং লিখিত চূড়ান্ত পরীক্ষার খাতায় নাম, রোল ইত্যাদি লিখিতে হয়। একই দেশে পরীক্ষার ক্ষেত্রে দুই ধরনের পদ্ধতি সঠিক কিনা তাহা বিবেচনার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—কালিদাস সরকার, ১৭৫, শান্তিবাগ, ঢাকা।